দৈনিক বাংলা

তারিখ ...22 DEC 1990... পৃষ্ঠা... ৪ ...কলাম... ৪ ...

৬

42

# বেসরকারী শিক্ষকদের মহার্ঘ্য ভাতা দেয়ার দাবী

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ এ, কে, এম শহীদুল্লাহ সরকারী শিক্ষকদের যে হারে মহার্ঘ্যভাতা দেয়া হচ্ছে অনুরূপ হারে বেসরকারী শিক্ষকদের বেলায়ও মহার্ঘ্যভাতা কার্যকর করার দাবী জানিয়েছেন।

তিনি শুক্রবার এক বিবৃতিতে উপরোক্ত দাবী জানিয়ে বলেন, সমযোগ্যতা ও অভিজ্ঞতা এবং সমদায়িত্বে নিয়োজিত সরকারী-বেসরকারী শিক্ষক কর্মচারীদের বেতনস্কেল সহ সকল সুযোগ সুবিধা এক ও অভিন্ন নীতির ভিত্তিতে হতে হবে। এই নীতিমালার ভিত্তিতেই সরকারী-বেসরকারী শিক্ষকদের সকল বৈষম্যের নিরসন হতে পারে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসম্পাদক অধ্যাপক এম শরিফুল ইসলাম মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য বৃদ্ধির প্রেক্ষিতে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুরূপ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদেরকে শতকরা ১০ ভাগ মহার্ঘ্যভাতা প্রদানের জন্যে অস্থায়ী প্রেসিডেন্টের প্রতি আহবান জানিয়েছেন। শুক্রবার অনুষ্ঠিত বাকশিশের জাতীয় স্টীয়ারিং কমিটির এক সভায় এই আহবান জানানোহয়।

সভায় গৃহীত অপর এক প্রস্তাবে স্কুল পর্যায়ে চালু পাঠ্যপুস্তক পর্যালোচনা ও সংশোধনী কমিটিতে স্বৈরাচার বিরোধী আন্দোলনে অংশগ্রহণকারী শিক্ষক সংগঠনের প্রতিনিধি অন্তর্ভুক্ত না করায় ক্ষোভ প্রকাশ করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।